যুগান্তর

তারিখ ০1 DEC 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৬

শিক্ষক নিয়োগ

সুপারিশকৃত ফাইল ফেরত পাঠাল জাবি সিন্ডিকেট

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে শিক্ষক নিয়োগের জন্য সিলেকশন বোর্ডের সুপারিশকৃত ফাইল ফেরত পাঠিয়েছে জাবি সিন্ডিকেট। বুধবার সিন্ডিকেটের এক সভায় ফাইলটি ফেরত পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। ফাইল ফেরত পাঠানোর কারণ অনুসন্ধান করতে গিয়ে জানা যায়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার জন্য আবেদনের শর্ত পূরণ না থাকলেও বাংলা বিভাগে ৪ জন শিক্ষক ও শিক্ষিকাকে নিয়োগের অভিযোগ ওঠে। ওই ৪ জনসহ মোট ৬ জনকে শিক্ষক হিসেবে নিয়োগের সুপারিশ করে সিলেকশন বোর্ড, যা বুধবার অনুষ্ঠিত সিন্ডিকেটে পাস হওয়ার কথা ছিল। এ নিয়োগে বিভাগীয় সভাপতি অধ্যাপক ড. এএসএম আবু দায়েনের বিরুদ্ধে স্বজনপ্রীতির অভিযোগ উঠেছে। প্রার্থীরা হলেন আমিনা খাতুন, সাবিহা নূর জামিন, আবদুল বাশার, দীপা বসাক, শাহ মো. আরিফুল আবেদ। আরও জানা যায়, ২০১৫ সালের ৩০ নভেম্বর বাংলা বিভাগে দু'জন প্রভাষক নিয়োগের বিজ্ঞপ্তি দেয়া হয়। এরপর এ বছরের ২৮ আগস্ট বর্তমান সভাপতি পুনরায় ৪ জন অস্থায়ী প্রভাষক পদে নিয়োগের বিজ্ঞপ্তি দেন। দুই বিজ্ঞপ্তি মিলে মোট ৬ জন প্রার্থীকে এ সিন্ডিকেটে নিয়োগ দেয়ার কথা ছিল।

জানা যায়, ২০১৫ সালে আমিনা খাতুন, সাবিহা নূর জামিনকে নিয়োগ দিতে বিজ্ঞপ্তিতে এসএসসি ও এইচএসসিতে রেজাল্টের কোনো শর্ত উল্লেখ করা হয়নি। যদিও নিয়ম অনুযায়ী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এসব শর্ত উল্লেখ থাকে। বিতর্কিত ওই নিয়োগ নিয়ে বিভাগের শিক্ষকদের মধ্যে দ্বন্দ্ব চলায় তখন নিয়োগ স্থগিত হয়ে যায়।